

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৫৬

ধৰ্মনগর, ২১ অক্টোবর, ২০২৪

দীপাবলি উৎসব

উত্তর ত্রিপুরা জেলায় সভা

আসন্ন দীপাবলি উৎসব উপলক্ষে উত্তর ত্রিপুরা জেলায় আজ এক সভা অনুষ্ঠিত হয়। জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, ধৰ্মনগরের মহকুমা শাসক সজল দেবনাথ, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক ড. দীপক কুমার, পানিসাগরের মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, জেলার অতিরিক্ত পুলিশ সুপার জে. দার্লং, জেলার আটটি ব্লকের বিডিও, বিভিন্ন দপ্তরের আধিকারিক প্রমুখ। জেলায় আসন্ন দীপাবলি উৎসব ও কালীপূজা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয় সভায়। জেলাশাসক দেবপ্রিয় বর্ধন বলেন, প্রতিটি পূজাকর্মটিকে সংশ্লিষ্ট মহকুমা প্রশাসন থেকে পূজা করার জন্য অনুমতি নিতে হবে। জেলাশাসক আরও বলেন, নিরাপত্তামূলক বিভিন্ন ব্যবস্থা যেমন প্রতিটি প্যাভেলে প্রবেশ ও বাহির হওয়ার আলাদা গেইট, অগ্নিনির্বাপক ব্যবস্থা, ফাস্ট এইড বক্স, সিসি ক্যামেরা ইত্যাদি প্রতিটি প্যাভেলে রাখতে হবে। এছাড়াও পূজার দিনগুলিতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা, পূজার প্যাভেলে পানীয়জলের ব্যবস্থা, ট্রাফিক নিয়ন্ত্রণ ইত্যাদি বিভিন্ন ব্যবস্থা নিয়ে সভায় আলোচনা করা হয়। সাউন্ড বক্স বা লাউড স্পিকারের ব্যবহার যাতে শব্দের নিরাপদমাত্রার মধ্যে থাকে এনিয়েও সভায় গুরুত্ব আরোপ করা হয়।
